ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দপ্তর
www.iau.edu.bd iauins13@gmail.com
বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং-ইআবি/পরি/কামিল-প্রা.পা/২০১৫/ ১৪৪৮৪

তারিখ: ০৯ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
২২ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

# অফিস আদেশ

কামিল শ্রেণিতে প্রাথমিক পাঠদান অনুমতির বিষয়ে আমতলী বন্দর হোসাইনিয়া ফাজিল মাদরাসা, ডাকঘরঃ আমতলী, উপজেলাঃ আমতলী, জেলাঃ বরগুনা (AMTALI BANDAR HOSSAINIA FAZIL MADRASAH (EIIN-100069, CODE-17330) এর অধ্যক্ষের ২২.০২.২০২৪ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ৩য় সংবিধির ধারা-১৩ এর গ অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে ধারা-১৩ এর ঙ মোতাবেক মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে নিম্নোক্ত শর্তে ২১.০৪.২০২৫ খ্রি. থেকে ২০.০৪.২০২৮ খ্রি. পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য কামিল (স্নাতকোত্তর) ০২ বছর মেয়াদী কোর্সে হাদিস বিভাগ প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হল-

**শর্তসমূহঃ**

১. ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ থেকে কামিল (স্নাতকোত্তর) ০২ বছর মেয়াদী কোর্সে হাদিস বিভাগ এর কার্যক্রম চালু হবে।
২. কামিল (স্নাতকোত্তর) হাদিস বিভাগে পাঠদানের জন্য প্রাতিষ্ঠানিক বেতনে দক্ষ ও অভিজ্ঞ শিক্ষক নিয়োগ দিতে হবে।
৩. শিক্ষা বছরের প্রথমে পাঠ পরিকল্পনা তৈরি, প্রত্যেক শিক্ষার্থীকে সরবরাহ করে পাঠ পরিকল্পনা অনুযায়ী শ্রেণিকক্ষে পাঠদান করতে হবে।
৪. ফাজিল ও কামিল স্তরের মূল কিতাবের পাশাপাশি লাইব্রেরিতে পুস্তকের সংখ্যা বৃদ্ধি করতে হবে।
৫. মাদরাসার মূল ফটকে ও মাদরাসার প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবীতে মাদরাসার নাম লিখতে হবে।
৬. শ্রেণিকক্ষসমূহ পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।
৭. আরবি, ইংরেজি ভাষা ও তথ্য প্রযুক্তির ব্যবহারে গুরুত্বারোপ করতে হবে এবং নিবিড় অনুশীলন নিশ্চিত করতে হবে।
৮. শ্রেণিকক্ষে শিক্ষকদের পাঠদান মূল্যায়ন প্রতিষ্ঠান প্রধানকে নিয়মিত মনিটরিং করতে হবে।
৯. ফাইল নোটের মাধ্যমে নথি উপস্থাপন করতে হবে।
১০. মাদরাসার আয় ব্যয়ের হিসাবসমূহ অডিট কমিটির মাধ্যমে নিরুপন করতে হবে।
১১. আধুনিক ও যুগোপযোগী পাঠদানের লক্ষ্যে শিক্ষকদেরকে বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।
১২. কলামনার ক্যাশ বই নিয়মিত আপডেট এবং যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
১৩. প্রাথমিক পাঠদান অনুমতির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তির জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

২২/৪/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার
ও মাদরাসা পরিদর্শক (অতি. দায়িত্ব)
মাদরাসা পরিদর্শন দপ্তর
মোবাইল: ০১৭০৫-৪০৮০০১

অধ্যক্ষ
আমতলী বন্দর হোসাইনিয়া ফাজিল মাদরাসা
ডাকঘরঃ আমতলী উপজেলাঃ আমতলী, জেলাঃ বরগুনা।

স্মারক নং-ইআবি/পরি/কামিল-প্রা.পা/২০১৫/ ১৪৪৮৪ (৮)

তারিখ: ০৯ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
২২ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:**

১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
৪। ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৫। প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭। সভাপতি, আমতলী বন্দর হোসাইনিয়া ফাজিল মাদরাসা, ডাকঘরঃ আমতলী উপজেলাঃ আমতলী, জেলাঃ বরগুনা।
৮। অফিস নথি।

২২/০৪/২৫

(মুহাম্মদ মাহফিজুর রহমান)
সহকারী মাদরাসা পরিদর্শক
মাদরাসা পরিদর্শন দপ্তর